

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩৭৬.১৭/৬৮


তারিখ : ৩৬/০১/২০১৭ খ্রি:

বিষয় : পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজের ইন্সট্রাক্টর (কার্পেন্ট্রি) জনাব মো: নজরুল ইসলাম এর ট্রেনিং ফাঁকি দেওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৫.২৫.০০৩.১৬-৩০৪, তারিখ : ০৮/১২/২০১৬ ইং মূলে পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর(অটোমোবাইল) জনাব মো: নজরুল ইসলাম-কে ১৭/১২/২০১৬-০৩/০১/২০১৭ খ্রি: পর্যন্ত মুন্সিগঞ্জ ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজে ট্রেনিং করার জন্য আদেশ দেয়া হয়। তাঁর মায়ের অসুস্থতার জন্য অধ্যক্ষ এ প্রতিষ্ঠানের ইন্সট্রাক্টর (কার্পেন্ট্রি) জনাব মো: নজরুল ইসলাম-কে ট্রেনিং এ অংশগ্রহণের নিমিত্ত আদেশ দেন।

২। তিনি যথারীতি কোর্সে যোগদান করে উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনানুমতিতে ৩০/১২/২০১৬ ও ৩১/১২/২১৬ খ্রি: তারিখ প্রশিক্ষণে অনুপস্থিত থেকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকায় গমন করে নবম শ্রেণী পরীক্ষা/২০১৬ সংক্রান্ত কাজে অংশ গ্রহণ করেন মর্মে জানা যায়। তিনি ০১/০১/২০১৭ খ্রি: তারিখ পুনরায় প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

এমতাবস্থায়, এ বিষয়ের পরিপ্রেক্ষিতে তাকে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে মতামত/প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
৩৬.১.২০১৭
যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজ

পাবনা।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ অফ বাংলাদেশ, গজারিয়া, মুন্সিগঞ্জ।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।